



## ইরান যুক্তরাষ্ট্রের স্থল আক্রমণ মোকাবিলায় প্রস্তুত: পররাষ্ট্রমন্ত্রী আরাগচি



সংগৃহীত ছবি

ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি বলেছেন, যুক্তরাষ্ট্র যদি স্থল আক্রমণ চালায়, তেহরান তা মোকাবিলার জন্য প্রস্তুত। তিনি জানিয়েছেন, চলমান সংঘাতে ইরান যুদ্ধবিরতি চায়নি এবং এই যুদ্ধে কোনও পক্ষই প্রকৃত বিজয়ী হবে না।

আরাগচি বৃহস্পতিবার এনবিসি নিউজকে বলেন, “ইরান যুক্তরাষ্ট্রের বাহিনীর মোকাবিলা করতে সক্ষম। কোনও আক্রমণ হলে তা ওয়াশিংটনের জন্য বড় বিপর্যয় হবে।” তার মন্তব্য এসেছে গত ২৮ ফেব্রুয়ারি থেকে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার কয়েকদিন পর। ইরানি কর্তৃপক্ষ জানিয়েছে, ওই হামলায় দেশের শীর্ষ নেতা আলি খামেনি এবং কয়েকজন নিরাপত্তা কর্মকর্তা নিহত হয়েছেন।

তিনি আরও জানিয়েছেন, চলমান সংঘাতে ইরান কেবল দেশের বিরুদ্ধে চালানো ‘অবৈধ কর্মকাণ্ডের’ প্রতিরোধে মনোনিবেশ করেছে। আরাগচি বলেন, “এই যুদ্ধে কোনও বিজয়ী নেই, প্রতিরোধই আমাদের জয়।”

ইরানের দক্ষিণাঞ্চলীয় মিনা শহরের একটি প্রাথমিক বিদ্যালয়ে হামলার দায় যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের ওপর চাপিয়ে দিয়েছেন আরাগচি। ওই হামলায় ১৭১ জন স্কুলছাত্রী নিহত হয়েছেন বলে দাবি করেছেন তিনি। তবে যুক্তরাষ্ট্র এ অভিযোগ অস্বীকার করেছে। মার্কিন প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ বলেন, বিষয়টি তদন্ত করা হচ্ছে এবং যুক্তরাষ্ট্র বেসামরিক নাগরিকদের লক্ষ্যবস্তুতে হামলা চালায় না। হোয়াইট হাউসের মুখপাত্র ক্যারোলিন লেভিটও একই অভিযোগ প্রত্যাখ্যান করেছেন।